সমকাল

তারিখ ... 13 NOV 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ......

# বরিশালে ডিগ্রি পরীক্ষার উত্তরপত্র নিয়ে অটোচালক উধাও

■ বরিশাল ব্যুরো

বরিশাল নগরীর নথুল্লাবাদ কেন্দ্রীয় বাস টার্মিনাল থেকে শনিবার দিনদুপুরে ৯৫০ উত্তরপত্রসহ উধাও হয়েছে এক অটোরিকশাচালক। ওই উত্তরপত্রগুলো জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স-২০১৬ এর। মাদারীপুরের ডাসার উপজেলার ডিকে আইডিয়াল সৈয়দ আতাহার আলী একাডেমি অ্যান্ড কলেজের প্রভাষক মহিউদ্দিন তালুকদার জানান, তার প্রতিষ্ঠানের জন্য উত্তরপত্রগুলো নিয়ে মাদারীপুর যাওয়ার পথে এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় বিমানবন্দর থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে।

প্রভাষক তালুকদার মহিউদ্দিন বলেন, কলেজের পরীক্ষাকেন্দ্রের জন্য শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের বরিশাল আঞ্চলিক কেন্দ্র থেকে ৫৫০টি সাদা উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র ৪০০টি নিয়ে অটোযোগে নথুল্লাবাদ বাস টার্মিনালে যান। সকাল ১০টার তিনি অটোতে উত্তরপত্রগুলো রেখে বিআরটিসি বাসের টিকিট কাটছিলেন। ২-৩ মিনিটের ব্যবধানে দেখতে পান উত্তরপত্রসহ অটোটি উধাও হয়ে গেছে। তাৎক্ষণিকভাবে সেখানে উপস্থিত ট্রাফিক পুলিশ কর্মকর্তাকে জানানো হলে তিনি ওয়ারলেস ম্যাসেজে সর্বত্র খবর পাঠালেও অটোটি আটক করা যায়নি। ওইদিনই তিনি বিমান বন্দর থানায় সাধারণ ডায়েরি করেছেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মো. বদরুজ্জামান ও বরিশাল আঞ্চলিক পরিচালক ড. অলক সাহাকেও এ বিষয়ে অবহিত করা হয়েছে।

এ ব্যপারে বিমানবন্দর থানার ওসি আনোয়ার হোসেন বলেন, পুলিশ পরীক্ষার উত্তরপত্র উদ্ধারে কাজ শুরু করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের বরিশাল আঞ্চলিক পরিচালক ড. অলক সাহা বলেন, গায়েব হওয়া উত্তরপত্রগুলো অক্ষত অবস্থায় উদ্ধারের জন্য তিনি পুলিশের প্রতি আহ্বান জানিয়েছেন।